



(একই তারিখ ও স্মারকের ছাড়াভিষিক্ত)



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

স্মারক নম্বর- রাশিবো/এস-১/১/পনি(২য় খন্ড)/১১৫৫(৫০০)

তারিখ : ১৮ অক্টোবর ২০২১

বিষয় : ২০২১ সালের এসএসসি পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র হাতে হাতে বোর্ডে জমা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশের সকল শিক্ষা বোর্ডে “সৃজনশীল” প্রশ্নপত্র পদ্ধতিতে ২০২১ সালের এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ জেলার কেন্দ্রসমূহের প্রশ্নপত্র ইতোমধ্যে স্ব-স্ব জেলার জেলা প্রশাসকগণের নিকট সরবরাহ করেছে।

জরুরি জ্ঞাতব্য বিষয়:

১. কোভিড-১৯ অতিরিক্ত কারণে ২০২১ সালের পরীক্ষার্থীদের বিগত বছরের ন্যায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়ে এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র নির্ধারিত সময়ের মধ্যে ব্যবহারিক খাতা (নোট বুক) এর নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েব সাইটে online এ প্রেরণ করবে।
২. প্রতিদিন পরীক্ষা শেষে OMR এর ১ম অংশ, বহুনির্বাচনি OMR পৃথকভাবে হালকা সবুজ কাপড়ে এবং লিখিত উত্তরপত্র ৫০টি করে করেগেটেড সীট দ্বারা বেঁধে বস্তাবন্ধী করে সিলগালাকৃত অবস্থায় জেলা সদরের ট্রেজারী অফিস/উপজেলার ট্রেজারী/থানা লকার/ব্যাংক লকারে সংরক্ষণ করতে হবে।
৩. কোনক্রমেই পরীক্ষার OMR এর ১ম অংশ, বহুনির্বাচনি OMR এবং লিখিত উত্তরপত্র ডাকযোগে প্রেরণ করা যাবে না। পদার্থবিজ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, হিসাববিজ্ঞান ও রসায়ন বিষয়ের OMR এর ১ম অংশ, বহুনির্বাচনি OMR এবং লিখিত উত্তরপত্র ১৭/১১/২০২১ তারিখ বুধবার এবং অবশিষ্ট বিষয়ের পরীক্ষার OMR এর ১ম অংশ, বহুনির্বাচনি OMR এবং লিখিত উত্তরপত্র ২৪/১১/২০২১ তারিখ বুধবার নিরাপদ হেফাজতে সংরক্ষণের নিমিত্ত প্রত্যয়নপত্রসহ পুলিশী পাহারায় হাতে হাতে রাজশাহী শিক্ষা বোর্ডে জমা দিতে হবে। জমা দেয়ার সময় OMR এর ১ম অংশ, বহুনির্বাচনি OMR হালকা সবুজ কাপড়ে মুড়ানো অবস্থায় বস্তায় শিক্ষা বোর্ড প্রশাসনিক ভবনের নিচতলায় এবং লিখিত উত্তরপত্রের বস্তা বোর্ডের নির্ধারিত গোড়াউনে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

বিশেষ দৃষ্টব্য: প্রতিদিন পরীক্ষা শেষে বিগত বছরের ন্যায় স্থানীয় কেন্দ্রের OMR সমূহ শিক্ষা বোর্ড প্রশাসনিক ভবনের নিচতলায় এবং লিখিত উত্তরপত্র বোর্ডের নির্ধারিত গোড়াউনে জমা দেয়া যাবে।

বিষয়টি অতিব জরুরি ও জনগুরুত্বপূর্ণ বিধায় সকলের সহযোগিতা একান্ত কাম্য।

প্রয়োজনে যোগাযোগ : সহ-পরীক্ষা নিয়ন্ত্রক(স্ক্রিপ্ট/গোপনীয়)

টেলিফোন নম্বর : ০২৪৭-৮১২২৯৩, ০৭২১-৭৭৬৩৭৩

প্রাপক

কেন্দ্র সচিব(সকল)

এসএসসি ২০২১ পরীক্ষা

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন

২৪/১১/২১

মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

controller@rajshahieducationboard.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. মেট্রোপলিটন পুলিশ কমিশনার/ডিআইজি অব পুলিশ, রাজশাহী
৫. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক /অগ্রণী ব্যাংক /জনতা ব্যাংক /কৃষি ব্যাংক, ঢাকা বাংলাদেশ
৬. পরিচালক(সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৭. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
৮. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর সংশ্লিষ্ট কর্মকর্তা
৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১০. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১১. ইঞ্জিনিয়ার ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, রাজশাহী
১২. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল), রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৪. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার সকল ট্রেজারী অফিসার
১৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক /অগ্রণী ব্যাংক /জনতা ব্যাংক
১৬. কৃষি ব্যাংক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৮. প্রতিষ্ঠান প্রধান, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল বিদ্যালয়/স্কুল এন্ড কলেজ
১৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার সকল থানা
২১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২২. অফিস নথি